আজকের কাগজ

তারিখ 0 9 JUL 1996
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বুয়েটে দেড় বছরের সেশন জট

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে দেড় বছরের সেশন জট চলছে। নিয়মানুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের একই সময়ে ৪টি ব্যাচের শিক্ষা গ্রহণ করার কথা। কিন্তু বর্তমানে ৫টি ব্যাচ শিক্ষা গ্রহণ করছে। নতুন প্রথম বর্ষের ছাত্ররা এইচএসসি পাস করেছে ৯৪ সালে। কিন্তু তাদের ক্লাস শুরু হয়েছে মাত্র এক মাস আগে। অর্থাৎ এইচএসসি পাসের দেড় বছরেরও বেশি সময় পরে বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হচ্ছে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাষায় এটা সেশন জট নয়। লেভেল জট। সেই হিসেব অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে ৪টি লেভেলে ছাত্র-ছাত্রিদের ক্লাস করার কথা। কিন্তু বর্তমানে আছে ৫টি লেভেল। এইচএসসি পাস এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবার পর একজন ছাত্রকে দেড় বছর বসে থাকতে হচ্ছে। এ বিষয়ে নতুন প্রথম বর্ষের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ছাত্র ইফতেখারুল হক মাসুম বললেন, আমরা ক্লাস শুরু করেছি মাত্র এক মাস আগে। অথচ আমাদের সঙ্গে যারা এইচএসসি পাস করে বিশ্ববিদ্যালয়ে পড়ছে তারা দ্বিতীয় বর্ষ উত্তীর্ণ হয়েছে বা খুব শিগগির হচ্ছে। অর্থাৎ আমরা শুরুতেই পিছিয়ে পড়ছি দেড় বছর। এরপর আবার লেভেল জট।

মূলত বাংলাদেশে একটি মাত্র প্রকৌশল বিশ্ববিদ্যালয় থাকায় অত্যাধিকসংখ্যক ছাত্রের চাপ পড়ছে বুয়েটে। যার ফলে সৃষ্টি হচ্ছে সেশন জট কিংবা লেভেল জট। এছাড়াও প্রতি বছর বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যরা এখানে আসেন কোর্স করতে। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের জন্যে এটিও একটি বাড়তি চাপ।